

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৭ - ৫২

তারিখ: ১৬.০১.২০১৮ খ্রি.

বিষয়: যশোর জেলা বাঘারপাড়া উপজেলাধীন আয়মপুর ইসলামিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব এবি এম ছফিউল্লাহ (ইনডেক্স নং-০৬৯১২০) এর পদবী এমপিও শীটে সংশোধন প্রসঙ্গে।

(১) আঞ্চলিক অফিস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল এর স্মারক নং-৩৭.০২.৪৭০০.০০০.০১.০০১.০১.১৭-৩৯, তা; ০২.০১.২০১৮ খ্রি:।
উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বর্ণিত মাদরাসার শিক্ষক জনাব এবি এম ছফিউল্লাহ কর্তৃক তাঁর পদবী সংশোধন বিষয়ক একখানা আবেদন আঞ্চলিক অফিস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল-এ দাখিল করা হয়।

০২. আঞ্চলিক অফিস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে জনাব এবি এম ছফিউল্লাহ এর আবেদনটি মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. তাঁর আবেদনের ভিত্তিতে নিম্নোক্তভাবে তাঁর ভুল পদবী সংশোধন করা হলো।

ক্রমিক	নাম, প্রতিষ্ঠানের নাম	ইনডেক্স নং	এমপিও শীটে ভুল পদবী	এমপিও শীটে সঠিক পদবী মুদ্রিত হবে	মন্তব্য
০১.	জনাব এবি এম ছফিউল্লাহ, শিক্ষক, আজমপুর ইসলামিয়া আলিম মাদরাসা	(ইনডেক্স নং- ০৬৯১২০)	প্রভাষক (LEC)	সহকারী অধ্যাপক (AP)	গভর্নিং বডির বিগত ১৯.১৩.২০১৩ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী ৫:২ এর বিধি মোতাবেক জ্যেষ্ঠতম আরবি প্রভাষক জনাব এবি এম ছফিউল্লাহ, (ইনডেক্স নং- ০৬৯১২০) এর বিপরীতে সহকারী অধ্যাপক (AP) স্কেল প্রদানের নিমিত্ত মাউশি অধিদপ্তরে সুপারিশ করা হয়। সে মতে মাউশি অধিদপ্তর কর্তৃক জনাব এবি এম ছফিউল্লাহকে প্রভাষক এর কোড-৭ এর স্থলে সহকারী অধ্যাপক এর কোড-৬ প্রদান করা হয়। কিন্তু ভুলবশত পদবী প্রভাষক (LEC) থেকে যায় যা সংশোধন হওয়া প্রয়োজন।

০৪. এমতাবস্থায় উপরিউক্ত মতে এমপিও শীটে জনাব এবি এম ছফিউল্লাহ (ইনডেক্স নং-০৬৯১২০) এর ভুল পদবী (প্রভাষক/LEC) পরিবর্তে সহকারী অধ্যাপক (AP) সংশোধনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।



মো: বিল্লাল হোসেন

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪২৩৫৭০৫২

মহাপরিচালক,

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম-১, ই, এম, আই, এস সেল, মাউশি অধিদপ্তর।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল।

৩. পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪. জেলা শিক্ষা অফিসার, খুলনা।

৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, খুলনা।

৬. অফিস কপি।